দৈনিক ইত্তেফাক

তারিখ 3-1 MAR 1997
পৃঃ 7 কলাম ৫

# দীর্ঘদিন যাবত ৬টি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচন বন্ধ

*আনোয়ার আলদীন॥ দীর্ঘকাল ধরিয়া দেশের প্রধান ছয়টি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচন বন্ধ। নির্ধারিত সময়ে ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠান না হওয়ার পশ্চাতে পরাজয়ভীতি এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তহীনতা ও উদাসীনতা কাজ করিয়া আসিতেছে বলিয়া জানা গিয়াছে। অথচ প্রতি বছর বিশ্ববিদ্যালয়* *(৮ম পৃঃ দ্রঃ)*

## দীর্ঘদিন যাবত

(১ম পৃঃ পর)

গুলিতে ছাত্র সংসদ নির্বাচত অনুষ্ঠান করা নিয়মসিদ্ধ। ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচন হইতেছে না ৬ বছর ধরিয়া। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যা লয়ের নির্বাচন বন্ধ রহিয়াছে ৫ বছর। খুলনা ও ইসনামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর হইতে নির্বাচন অনুষ্ঠিত হইতেছে না। দীর্ঘ ৪ বছরের মাথায় গতকাল সোমবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়া 'ইউকসু' নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করিয়াছে। ইতিপূর্বে বুয়েটে ৯২ সালে নির্বাচন অনুষ্ঠিত হইয়াছিল। কৃষি বিশ্ববিদ্যালয়ে নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৯৪ সালে। উহার পর আর নির্বাচন হয় নাই।

দেখা গিয়াছে, যে ছাত্র সংগঠন ক্যাম্পাসে সর্বাপেক্ষা শক্তিশালী তাহারা নির্ধারিত সময়েই নির্বাচন দাবী করে। কিন্তু অপেক্ষাকৃত দুর্বল প্রতিপক্ষ ছাত্র সংগঠন নানা অজুহাত তুলিয়া নির্বাচনের ঘোর বিরোধিতা করিয়া চলে। ফলে কোন কোন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্বাচনের উদ্যোগ নিয়াও ছাত্র সংগঠনের পেশীশক্তি ও সন্ত্রাসের মুখে কার্যকর করিতে পারে না।

সর্বশেষ ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৯০ সালের ৬ জুন। উহার পর ৬ বছর অতিক্রান্ত হইয়াছে কিন্তু নির্বাচন হয় নাই। ১৯৯২ ও '৯৪ সালে দুই দফা ডাকসু নির্বাচনের উদ্যোগ নিয়াছিল কর্তৃপক্ষ। একটি ছাত্র সংগঠনের বিরোধিতার কারণে নির্বাচন কর্মসূচী ভণ্ডুল হইয়া যায়। ইতিমধ্যে দুইজন ভিসির বদল হইয়াছে। রাষ্ট্রীয় পর্যায়ে ক্ষমতার পরিবর্তন হইয়াছে। অথচ নির্বাচন হয় নাই। বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এইভাবে দীর্ঘ ৬ বছর ডাকসু নির্বাচন না হওয়ার ঘটনা নাই। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৯৯০ সালের পর ৬ বছর নির্বাচন বন্ধ। এ নির্বাচনে সর্বদলীয় ছাত্রঐক্য জয়লাভ করে। '৯৩ সালে চাকসু হইতে ছাত্রলীগের ১৩ জন সদস্য পদত্যাগ করিয়া নির্বাচনের দাবী জানান। কিন্তু কর্তৃপক্ষের উদাসীনতার কারণে নির্বাচন হয় নাই।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৬ বছর ধরিয়া বন্ধ রহিয়াছে নির্বাচন। সর্বশেষ '৯০ সালে রাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়। পরবর্তীতে '৯২ সালে কর্তৃপক্ষ দুইদফা নির্বাচনের উদ্যোগ নিয়াও সন্ত্রাসের মুখে ব্যর্থ হয়।

১৯৯২ সালে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। তাহার পর হইতে গত ৫ বছর ধরিয়া নির্বাচন হইতেছে না। নির্বাচনের কোন উদ্যোগও নাই।